

## ত্রী আল-আনফাল | Al-Anfal | ٱلْأَنْفَال

আয়াতঃ ৮:৩

💵 আরবি মূল আয়াত:

## الَّذِينَ يُقِيمُونَ الصَّلُوةَ وَ مِمَّا رَزَقنهُم يُنفِقُونَ ؟ ﴿ ٣﴾

## 🗚 অনুবাদসমূহ:

যারা সালাত কায়েম করে এবং আমি তাদেরকে যে রিক্ষ দিয়েছি, তা হতে ব্যয় করে। — আল-বায়ান তারা নামায ক্লায়িম করে, আর আমি তাদেরকে যে জীবিকা দিয়েছি তাখেকে ব্যয় করে। — তাইসিরুল যারা সালাত সুপ্রতিষ্ঠিত করে এবং আমি যা কিছু তাদেরকে দিয়েছি তা থেকে তারা খরচ করে, — মুজিবুর রহমান The ones who establish prayer, and from what We have provided them, they spend. — Sahih International

- ৩. যারা সালাত কায়েম করে(১) এবং আমরা তাদেরকে যা রিযক দিয়েছি তা থেকে ব্যয় করে;(২)
  - (১) মুমিনের চতুর্থ বৈশিষ্ট্য হলো সালাত প্রতিষ্ঠা করা। আয়াতে সালাতের জন্য ইকামত শব্দ ব্যবহার করা হয়েছে। বস্তুত: ইকামত শব্দের আভিধানিক অর্থ হলো কোন কিছুকে সোজা করে দাঁড় করানো। কাজেই সালাত কায়েম করার মর্মার্থ হচ্ছে, যেমন করে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় কথা ও কাজের মাধ্যমে শিখিয়ে দিয়েছেন, সেভাবে ফর্য ও নাফল যাবতীয় সালাত প্রকাশ্য ও অপ্রকাশ্য সার্বিক দিক থেকে পরিপূর্ণভাবে আদায় করা, যেমন সালাতে কলব হাযির থাকা; কেননা এটাই সালাতের মূল বিষয়। [সা'দী] কাতাদা বলেন, ইকামাতুস সালাত অর্থ, সুনির্দিষ্ট সময়ে, ওজুসহ, রাকু-সাজদাসহ আদায় করা। [ইবন কাসীর]
  - (২) মুমিনের পঞ্চম বৈশিষ্ট্য হলো আল্লাহ তাকে যে রিযক দান করেছেন, তা থেকে আল্লাহর পথে খরচ করবে। আল্লাহর পথে এই ব্যয় করার অর্থ ব্যাপক। এতে শরীআত নির্ধারিত যাকাত, নফল দান-খয়রাত, আত্মীয়দেরকে প্রদান, বড়দের কিংবা বন্ধু-বান্ধবদের প্রতি কৃত আর্থিক সাহায্য-সহায়তা প্রভৃতি দান-সদকাই অন্তর্ভুক্ত। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৩) যারা যথাযথভাবে নামায পড়ে এবং আমি তাদেরকে যে রুষী দিয়েছি, তা থেকে দান করে।

তাফসীরে আহসানুল বায়ান



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন